

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৪, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-৩

প্রজ্ঞাপন

তারিখঃ ১৮ অগ্রহায়ণ ১৪২১ বঙ্গাব্দ/০২ ডিসেম্বর ২০১৪ খ্রিস্টাব্দ

নং গৃগম/পরি-৩/রাজউক-০৯/২০১০ (অংশ-২)/২৮৭—Town Improvement Act, 1953 (E.B Act XIII of 1953), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 73 এ প্রদত্ত ক্ষমতাবলে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর এখতিয়ারাধীন ১৫২৮ বর্গকিলোমিটার (৫৯০ বর্গমাইল) এলাকায় ডিটেইল্ড এরিয়া প্ল্যান (DAP) প্রণয়নের কাজ সম্পন্ন করা হয়, যা মন্ত্রিসভার অনুমোদনক্রমে এসআরও নং ২৩২-আইন/২০১০ তারিখ ২২ জুন, ২০১০ মূলে সরকার কর্তৃক গেজেট প্রজ্ঞাপন হিসেবে প্রকাশিত হয় ;

অতঃপর মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৪.৬১১.০০৬.০০.০০. ০১০. ২০১০-১১৯, তারিখ ২৮ জুন ২০১০ এর মাধ্যমে রাজউক কর্তৃক প্রণীত ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) আরও বিশদভাবে পর্যালোচনাক্রমে চূড়ান্তকরণের নিমিত্ত মন্ত্রিসভা কমিটি গঠন করা হয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৪.৬১১.০০৬.০০.০০.০১০.২০১০-৬৪, তারিখ ০১ এপ্রিল ২০১৪ এর মাধ্যমে উক্ত মন্ত্রিসভা কমিটি পুনর্গঠন করা হয় ;

পুনর্গঠিত মন্ত্রিসভা কমিটির গত ২৫ আগস্ট ২০১৪ তারিখে অনুষ্ঠিত ৫ম সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ঢাকা জেলার ডেমরা থানাধীন মেরাদিয়া ও নন্দিপাড়া মৌজায় অবস্থিত ইস্টার্ণ

(১৯৯১৩)
মূল্য : টাকা ৪.০০

১৯৯১৪

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, ডিসেম্বর ৪, ২০১৪

হাউজিং লিঃ এর জন্মস্থান ইসলাম সিটি (বনশ্রী নিউ টাউন) আবাসিক প্রকল্পের ভূমি ব্যবহারের ক্ষেত্রে
নিম্নোক্ত বিষয়ের অনুমোদন এতদ্বারা প্রকাশ করা হলো :

- (১) সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন সম্প্রসারিত ডেমো-আমুলিয়া সড়কটি
ইস্টার্ণ হাউজিং লিঃ এর জন্মস্থান ইসলাম সিটি (বনশ্রী নিউ টাউন) আবাসিক প্রকল্পের
লে-আউট প্ল্যানে সংরক্ষণ করা হবে ;
- (২) আলোচ্য প্রকল্পের অভ্যন্তরে ড্যাপে প্রস্তাবিত ৬০ ফুট চওড়া রাস্তাটির অংশবিশেষ ভিন্ন
এলাইনমেটে ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে বিধায় রাস্তাটির অংশবিশেষ (মেরাদিয়া
মৌজার আরএস দাগ নং ১৭৪৩, ১৭৪৪, ১৭৪৬, ৪৪০) বাতিলপূর্বক অবশিষ্ট অংশ
অপরিবর্তিত রাখা হবে ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ গোলাম মোছাদ্দেক
সিনিয়র সহকারী প্রধান ।

বিশেষ দ্রষ্টব্য :

ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) এ চিহ্নিত উল্লিখিত ভূমির তফসিল ও নকশা রাজউক এর পরিকল্পনা
শাখায় সংরক্ষিত আছে ।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত ।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত । web site : www.bgpress.gov.bd